



# ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]  
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥প্রেস বিজ্ঞপ্তি॥

## ইসলামিক ফাউন্ডেশনে আনুষ্ঠানিকভাবে চালু হল মাসিক ও পারিবারিক অবসরভাতা

ঢাকা, ০৫ মার্চ ২০১৮, সোমবার ॥

ইসলামিক ফাউন্ডেশন কর্মচারি (অবসর ভাতা ও সাধারণ ভবিষ্যত তহবিল) প্রবিধানমালা ২০১৪- এর আওতায় ইসলামিক ফাউন্ডেশনের অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের জন্য আনুষ্ঠানিকভাবে মাসিক ও পারিবারিক অবসরভাতা চালু করল ইসলামিক ফাউন্ডেশন। আজ (৫ মার্চ, সোমবার) দুপুরে ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররমস্থ সভাকক্ষে আনুষ্ঠানিকভাবে কর্মকর্তা-কর্মচারীদের মাঝে চেক ও পেনশন বই হস্তান্তর করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির চেয়ারম্যান বজলুল হক হারুন এমপি। তিনি অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের হাতে অবসর ভাতা ও পেনশন বই তুলে দেন। প্রাথমিকভাবে প্রায় ৭৬ জন কর্মকর্তা-কর্মচারির মাঝে সোয়া ২ কোটি টাকার চেক বিতরণ করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজাল। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সাবেক সচিব ও ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নর সিরাজউদ্দিন আহমদ, ইসলামী ঐক্যজোটের চেয়ারম্যান আলহাজ্ব মিজবাহুর রহমান চৌধুরী, ইসলামিক ফাউন্ডেশনের সচিব কাজী নূরুল ইসলাম প্রমুখ।

(শায়লা শারমীন)

সহকারী পরিচালক, জনসংযোগ

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৭২০০৪০৪৩২